দৈনিক ইত্তেফাক

তারিখ DEC. 1 8 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

৫৬

# ৮৮ বছরের প্রাচীন বিদ্যালয়টির হাজারো সমস্যা

কালিয়া (নড়াইল) সংবাদদাতা। ৮৮ বছরের প্রাচীন থানা সদরের কালিয়া পি-এস পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাজারো সমস্যা বিদ্যমান। ১১ শতাধিক ছাত্রী অধ্যষিত এই বিদ্যালয়টিতে শিক্ষক শ্রেণীকক্ষ ও শিক্ষাপোকরণ সঙ্কটের জন্য শিক্ষার পরিবেশ বিঘ্নিত হইতেছে। শ্রেণী সংকট চরম অবস্থায় উপনীত হইয়াছে। ১৮ জন শিক্ষক-শিক্ষিকা থাকার কথা থাকিলেও শিক্ষক আছেন মাত্র ১১ জন। স্থানীয় প্রভাব-প্রতিপত্তি, রাজনৈতিক ও প্রশাসনের অনধিকার হস্তক্ষেপের জন্য বিগত কয়েক বছরে শিক্ষক নিয়োগের কার্যক্রম বাস্তবায়িত হয় নাই। দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকের অভাবে বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধি হইতেছে না। বিদ্যালয়ের নিজস্ব কোন অফিস ভবন না থাকায় ভূতপূর্ব কমিউনিটি স্কুল প্রকল্পের একটি টিনশেড ঘরে স্কুল অফিস ও শিক্ষক-শিক্ষিকাদের বসিবার কাজ চলে। ফ্যাসিলিটিজ ভবনের একটি শ্রেণীকক্ষে প্রধান শিক্ষকের অফিস ও কম্পিউটার বিভাগের কাজ চলে। খেলার মাঠ, পৃথক কমনরুম নাই। খেলাধূলার সামগ্রী, বিজ্ঞানাগারের অপ্রতুল, শ্রেণীকক্ষে সিলিং ফ্যানের অনুপস্থিতি, চেয়ার, টেবিলের অপ্রতুলতা প্রকট। অর্থ সংকটের দরুন বিদ্যালয়ের সম্প্রসারণের লক্ষ্যে বিকল্প হিসেবে বিদ্যালয় সংলগ্ন অর্পিত সম্পত্তির দালানকোঠা ও জমি বিদ্যালয়ের নিকট বরাদ্দ দেওয়া যাইতে পারে।